মন্ত্রণালয়/বিভাগসমূহের বার্ষিক প্রতিবেদন ছক

মন্ত্রণালয়/বিভাগের নাম ঃ স্থানীয় সরকার বিভাগ　　আওতাধীন অধিদপ্তর/সংস্থার সংখ্যা ঃ ৯টি

প্রতিবেদনাধীন বছর ঃ ২০১৫-২০১৬　　প্রতিবেদন প্রস্তুতির তারিখ ঃ ১৮.০৭.২০১৬

(১) প্রশাসনিক

১.১ কর্মকর্তা/কর্মচারীদের সংখ্যা (রাজস্ব বাজেটে) ঃ

সংস্থার স্তর মন্ত্রণালয়	অনুমোদিত পদ	পূরণকৃত পদ	শুন্যপদ	বছরভিত্তিক সংরক্ষিত (রিটেনশনকৃত) অস্থায়ী পদ	মন্তব্য
১	২	৩	৪	৫	৬
(ক) স্থানীয় সরকার বিভাগ	২৫০	১৯০	৬০	৫১	
(খ) এলজিইডি	১১১৮৪	১০২০৩	৯৮১	৪৮	পিআরএল/অবসর/মৃত্যু জনিত কারণে পদগুলো শুন্য হয়েছে। প্রকল্প/মাস্টাররোল থেকে রাজস্ব খাতে নিয়মিতকরণ আত্মীকরণের জন্য মহামান্য আদালতের নির্দেশনা অনুযায়ী শুন্য পদ পুরণে জটিলতা থাকায় পদগুলো শুন্য রয়েছে।
(গ) ডিপিএইচই	৬৮৮৮	৫১০৭	১৭৮১	২০৮১	১ম শ্রেণীর এবং ২য় শ্রেণীর শুন্য পদে জনবল নিয়োগ প্রক্রিয়াধীন। ৩য় ও ৪র্থ শ্রেণীর শুন্য পদগুলোতে মামলা জনিত কারণে নিয়োগ স্থগিত আছে।
(ঘ) ঢাকা মশক নিবারণী দপ্তর	৩৯৬	৩০৪	৯২		
(ঙ) এনআইএলজি	১১৩	৮২	৩১	০৩	
(চ) ঢাকা ওয়াসা	৪৬৬৭	৩৩৩২	১৩৩৫	-	ঢাকা ওয়াসার বিভিন্ন শুন্য পদসমূহ সরাসরি এবং পদোন্নতির মাধ্যমে পুরণের বিষয়টি প্রক্রিয়াধীন আছে।
(ছ) চট্টগ্রাম ওয়াসা	১০৪৮	৭২৬	৩২২	-	(ক) সিষ্টেম এনালিষ্ট, সহকারী প্রকৌশলী, কেমিষ্ট, সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপাটের, ডাটা এন্ট্রি অপারেটর ও ইলেকট্রিশিয়ান পদে নিয়োগ প্রক্রিয়াধীন আছে। (খ) বর্তমানে চট্টগ্রাম ওয়াসার বিশ্ব ব্যাংক ও জাইকার কনসালটেন্ট কর্তৃক রিফরম কার্যক্রম চলমান থাকায় নিয়োগ প্রক্রিয়া গ্রহণ বিলম্বিত হচ্ছে।
(জ) রাজশাহী ওয়াসা	১৫৭	৯৭	৬০	-	
(ঝ) খুলনা ওয়াসা	২৩৩	১০৯	১২৪	২৩৩	
মোট -	২৪৬৯৩৬	২০১৫০	৪৭৮৬	২৪১৬	

১.২ শূন্য পদের বিন্যাস ঃ

সংস্থা/অধিদপ্তরের নাম	অতিঃ সচিব/ তদুর্ধ পদ	জেলা কর্মকর্তার পদ	অন্যান্য ১ম শ্রেণির পদ	২য় শ্রেণির পদ	৩য় শ্রেণির পদ	৪র্থ শ্রেণির পদ	মোট
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)
(ক) স্থানীয় সরকার বিভাগ	-	-	২০	১৬	১৯	০৫	৬০
(খ) এলজিইডি	-	-	৩৭৪	৪	৫৬৯	৩৪	৯৮১
(গ) ডিপিএইচই	১	৮৭	২১৫	৩১৪	৩৭১	৭৯৩	১৭৮১
(ঘ) ঢাকা মশক নিবারণী দপ্তর	-	-	-	০১	২০	৭১	৯২
(ঙ) এনআইএলজি	-	-	৭	৪	১০	১০	৩১
(চ) ঢাকা ওয়াসা	-	-	৬০	২৯	৫৪৪	৭০২	১৩৩৫
(ছ) চট্টগ্রাম ওয়াসা	-	-	২০	৩০	৭৬	১৯৬	৩২২
(জ) রাজশাহী ওয়াসা	-	-	৫	৩	৪৯	১	৬০
(ঝ) খুলনা ওয়াসা	-	-	১০	৬	৫৭	৫১	১২৪
মোট -	১	৮৭	৭১১	৪০৭	১৭১৫	১৮৬৩	৪৭৮৬

১.৩ অতীব গুরুত্বপূর্ণ (Strategic) পদ (অতিরিক্ত সচিব/সমপদমর্যাদা সম্পন্ন/সংস্থা প্রধান/তদূর্ধ্ব) শুন্য থাকলে তার তালিকা ঃ ডিপিএইচইর প্রধান প্রকৌশলীর শূন্য পদঃ-১টি।

১.৪ শূন্য পদ পূরণে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা ঃ

১.৫ **অন্যান্য পদের তথ্য ঃ**

মন্ত্রণালয়/সংস্থার নাম	প্রতিবেদনাধীন বছরে উন্নয়ন বাজেট থেকে রাজস্ব রাজস্ব বাজেটে স্থানান্তরিত পদের সংখ্যা	প্রতিবেদনাধীন বছরে উন্নয়ন বাজেট থেকে রাজস্ব বাজেটে স্থানান্তরের জন্য প্রক্রিয়াধীন পদের সংখ্যা
চট্টগ্রাম ওয়াসা	৪	-
ডিপিএইচই	-	২

১.৬ **নিয়োগ/পদোন্নতি প্রদান ঃ**

মন্ত্রণালয়/সংস্থার নাম	প্রতিবেদনাধীন বছরে পদোন্নতি			নতুন নিয়োগ প্রদান			মন্তব্য
	কর্মকর্তা	কর্মচারী	মোট	কর্মকর্তা	কর্মচারী	মোট	
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)
(ক) স্থানীয় সরকার বিভাগ	-	৩	৩	-	৩১	৩১	
(খ) এলজিইডি	৫২	-	৫২	-	-	-	
(গ) ডিপিএইচই	৭১	-	৭১	৩৪	-	৩৪	
(ঘ) এনআইএলজি	-	২	২	-	-	-	
(ঙ) ঢাকা ওয়াসা	৪৮	-	৪৮	২৮	-	২৮	
(চ) চট্টগ্রাম ওয়াসা	৩	-	৩	৯	২৪	৩৩	

১.৭ **ভ্রমণ/পরিদর্শন (দেশে) ঃ**

ভ্রমন/পরিদর্শন (মোট দিনের সংখ্যা)	মন্ত্রী	প্রতিমন্ত্রী/উপমন্ত্রী	সিনিয়র সচিব/সচিব	মন্তব্য
উন্নয়ন প্রকল্প পরিদর্শন	৭৬ টি	-	২৪ টি	
পার্বত্য চট্টগ্রামে ভ্রমণ	-	-	-	

১.৮ **ভ্রমণ/পরিদর্শন (বিদেশে) ঃ**

ভ্রমন/পরিদর্শন (মোট দিনের সংখ্যা)	মন্ত্রী	প্রতিমন্ত্রী/উপমন্ত্রী	সিনিয়র সচিব/সচিব	মন্তব্য
	৭ বার	-	৮ বার	

১.৯ উপরোক্ত ভ্রমণের পর ভ্রমণ বৃত্তান্ত/পরিদর্শন প্রতিবেদন দাখিলের সংখ্যা ঃ মন্ত্রিসভার অবহিতের জন্য ২ টি।

(২) অডিট আপত্তি

২.১ **অডিট আপত্তি সংক্রান্ত তথ্য ঃ**

(কোটি টাকায়)

মন্ত্রণালয়/সংস্থার নাম	অডিট আপত্তি		ব্রডশীটে জবাবের সংখ্যা	নিস্পত্তিকৃত অডিট আপত্তি		অনিস্পন্ন অডিট আপত্তি	
	সংখ্যা	টাকার পরিমান		সংখ্যা	টাকার পরিমান	সংখ্যা	টাকার পরিমান
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)
(ক) স্থানীয় সরকার বিভাগ	-	-	-	-	-	-	-
(খ) এলজিইডি	২৭৪৯	৬৮৪১.৮১	১৭৪০	৮১২	৩১৩৬.২১	১৯৩৭	৩৭০৫.৬০
(গ) ডিপিএইচই	৩৯৭	১৮১.২৭	৬৪	১২৬	৩১.১০	২৭১	১৪৮.৫২
(ঘ) ঢাকা ওয়াসা	-	-	৫৫৫	১০	১.৪০	১৯৯৪	৪২৭৪.৮৫
(ঙ) চট্রগ্রাম ওয়াসা	-	-	-	-	-	-	-
(চ) খুলনা ওয়াসা	৬	১৪.৯২	৬	১	০.০২৫	৫	১৪.০৯
(ছ) রাজশাহী ওয়াসা	৯	৩০৭.৩৭	৯	-	৩০৭.৩৭	৯	৩০৭.৩৭
(জ) সিটি কর্পোরেশন	১৪৬	৩২.৯০	১৯৬	২৩	৫.৪৯	১২৩	২৭.৫১
(ঝ) পৌরসভা	১১৭৫	২২.৯১	১০৫৬	৬৪	৩.৩৮	১১১১	১৯.৫৩
(ঞ) জেলা পরিষদ	১৬১	৩.৬২	১১৩	৭৪	১২.৩৮	৮৭	০৩.২৩
সর্বমোট-	৪৬৪৩	৭৪০৪.৮০	৩৭৩৯	১১১০	৩৪৯৭.৩৫৫	৫৫৩৭	৮৫০০.৭

২.২ অডিট রিপোর্টে গুরুতর/বড় রকমের কোন জালিয়াতি/অর্থ আত্নসাৎ, অনিয়ম ধরা পড়ে থাকলে সে সব কেসসমূহের তালিকা ঃ নেই।

(৩) দুর্নীতি ও শৃংখলা (মন্ত্রণালয়/বিভাগ এবং অধিদপ্তর/সংস্থার সম্মিলিত সংখ্যা) ঃ

মন্ত্রণালয়/সংস্থার নাম	প্রতিবেদনাধীন অর্থবছরে (২০১৫-১৬) মন্ত্রণালয়/ অধিদপ্তর/ সংস্থাসমূহে পুঞ্জিভূত মোট বিভাগীয় মামলার সংখ্যা	প্রতিবেদনাধীন বছরে নিস্পত্তিকৃত মামলার সংখ্যা				অনিস্পন্ন বিভাগীয় মামলার সংখ্যা
		চাকুরীচ্যুত/ বরখাস্ত	অব্যাহতি	অন্যান্য দন্ড	মোট	
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
(ক) স্থানীয় সরকার বিভাগ	১	-	-	-	-	১
(খ) এলজিইডি	২০৭	-	৩২	৩৭	৬৯	২০০
(গ) ডিপিএইচই	০৩	-	-	-	০৩	০৩
(ঘ) ঢাকা মশক নিবারণী দপ্তর	২	-	-	-	-	২
(ঙ) ঢাকা ওয়াসা	২৪	-	০১	০২	০৩	২১
(চ) চট্রগ্রাম ওয়াসা	১০	-	২	-	২	৮
(ছ) খুলনা ওয়াসা	০৩	-	-	-	০৩	-
মোট -	২৫০	-	৩৫	৩৯	৮০	২৩৫

(৪) সরকার কর্তৃক/সরকারের বিরুদ্ধে দায়েরকৃত মামলা (১ জুলাই ২০১৫ থেকে ৩০ জুন ২০১৬ পর্যন্ত)

মন্ত্রণালয়/সংস্থার নাম	সরকারি সম্পত্তি/স্বার্থ রক্ষার্থে মন্ত্রণালয়/ বিভাগ/আওতাধীন সংস্থাসমূহ কর্তৃক দায়েরকৃত মামলার সংখ্যা	মন্ত্রণালয়/বিভাগ এর বিরুদ্ধে দায়েরকৃত রীট মামলার সংখ্যা	উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে সরকারের বিরুদ্ধে দায়েরকৃত মামলার সংখ্যা	দায়েরকৃত মোট মামলার সংখ্যা	নিস্পত্তিকৃত মোট মামলার সংখ্যা
(ক) স্থানীয় সরকার বিভাগ-আইন শাখা	-	১০৫২	২০	১০৭২	১৮২
(খ) এলজিইডি	-	৪৪	২৯	৭৩	-
(গ) ডিপিএইচই	-	৫	-	৫	-
(ঘ) চট্রগ্রাম ওয়াসা	১	৫	১	৬	২
(ঙ) রাজশাহী ওয়াসা	১	-	-	১	-

(৫) মানব সম্পদ উন্নয়ন

৫.১ দেশের অভ্যন্তরে প্রশিক্ষণ (১ জুলাই ২০১৫ থেকে ৩০ জুন ২০১৬ পর্যন্ত)

মন্ত্রণালয়/সংস্থার নাম	প্রশিক্ষণ কর্মসূচীর মোট সংখ্যা	মন্ত্রণালয় এবং আওতাধীন সংস্থাসমুহ থেকে অংশগ্রহণকারীর সংখ্যা
(ক) স্থানীয় সরকার বিভাগ	২৭৬	১৩০১৫
(খ) এলজিইডি	১১২০	৩৩,৪৫১
(গ) ডিপিএইচই	৭৮	২৯৮৫
(ঘ) এনআইএলজি	৫৭৪	১৪,২৪৬
(ঙ) ঢাকা ওয়াসা	১৬	২৩
(চ) চট্টগ্রাম ওয়াসা	১৩	৯৮
(ছ) রাজশাহী ওয়াসা	-	-
(জ) খুলনা ওয়াসা	০৩	৫০

৫.২ মন্ত্রণালয়/অধিদপ্তর কর্তৃক পূর্ববর্তী অর্থ-বছরে কোন ইন-হাউজ (২০১৫-২০১৬) প্রশিক্ষণের আয়োজন করা হয়ে থাকলে তার বর্ণনাঃ

(ক) স্থানীয় সরকার বিভাগ ঃ ৮৪ জন

(খ) এলজিইডি ঃ ২২০টি প্রশিক্ষণ কোর্সে ১১২০টি ব্যাচে ৩৩৪৫১ জনকে প্রশিক্ষণ দেয়া হয়েছে।

(গ) ডিপিএইচই ঃ ৩টি ইন হাউজ প্রশিক্ষণে মোট ৫৪ জন প্রশিক্ষণ গ্রহণ করেন।

(ঘ) ঢাকা ওয়াসা ঃ ঢাকা ওয়াসার নিজস্ব প্রশিক্ষণ কেন্দ্রের মাধ্যমে ২০১৫-১৬ অর্থ বৎসরে মোট ৪৭টি বিভিন্ন ধরনের প্রশিক্ষণ প্রোগ্রামের মাধ্যমে ঢাকা ওয়াসার ১০৩১ জন বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

(ঙ) খুলনা ওয়াসা ঃ ০৩টি ইন হাউজ প্রশিক্ষণ কোর্সে মোট ৫০ জন কে প্রশিক্ষণ দেয়া হয়েছে।

৫.৩ প্রশিক্ষণ কর্মসূচীতে কর্মকর্তা/কর্মচারীদের অংশগ্রহণ বা মনোনয়নের ক্ষেত্রে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনাঃ প্রযোজ্য নয়।

৫.৪ মন্ত্রণালয়ে অন দ্য জব ট্রেনিং (OJT) এর ব্যবস্থা আছে কিনা; না থাকলে অন দ্য জব ট্রেনিং আয়োজন করতে বড় রকমের কোন অসুবিধা আছে কিনা ঃ-

৫.৫.১.১ প্রতিবেদনাধীন অর্থ বছরে (১ জুলাই ২০১৫ থেকে ৩০ জুন ২০১৬ পর্যন্ত) প্রশিক্ষণের জন্য বিদেশ গমনকারী কর্মকর্তার সংখ্যা ঃ

স্থানীয় সরকার বিভাগ-৩৮ জন
এলজিইডি- ১১৫ জন
ডিপিএইচই- ২২ জন
এনআইএলজি- ৭ জন
ঢাকা ওয়াসা- ১১ জন
চট্টগ্রাম ওয়াসা-২১ জন
খুলনা ওয়াসা- ৩ জন
রাজশাহী ওয়াসা- ৩ জন

(৬) **সেমিনার/ওয়ার্কশপ সংক্রান্ত তথ্য ঃ**

মন্ত্রণালয়/সংস্থার নাম	দেশের অভ্যন্তরে সেমিনার/ ওয়ার্কশপের সংখ্যা	সেমিনার/ওয়ার্কশপে অংশগ্রহণকারীদের সংখ্যা
(ক) স্থানীয় সরকার বিভাগ	১৬	১২৩৮
(খ) এলজিইডি	৮	১২০০
(গ) ডিপিএইচই	১১	৬০৫
(ঘ) ঢাকা ওয়াসা	৩	৯৪
(ঙ) চট্টগ্রাম ওয়াসা	২	২
(চ) রাজশাহী ওয়াসা	-	-
(ছ) খুলনা ওয়াসা	৪	১৮
(জ) এনআইএলজি	৮	৪৫০

(৭) **তথ্য প্রযুক্তি ও কম্পিউটার স্থাপন (১ জুলাই ২০১৫ থেকে ৩০ জুন ২০১৬ পর্যন্ত)**

মন্ত্রণালয়/সংস্থার নাম	মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহে মোট কম্পিউটারের মোট সংখ্যা	মন্ত্রণালয়/বিভাগ / সংস্থাসমূহে ইন্টারনেট সুবিধা আছে কিনা	মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহে লেন (LAN) সুবিধা আছে কিনা	মন্ত্রণালয়/বিভাগ / সংস্থাসমূহে ওয়েন (WAN) সুবিধা আছে কিনা	মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা -সমূহে কম্পিউটার প্রশিক্ষিত জনবলের সংখ্যা	
					কর্মকর্তা	কর্মচারী
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
(ক) স্থানীয় সরকার বিভাগ	১১৪	আছে	আছে	নাই	১১৪	৭০
(খ) এলজিইডি	৩২৫০	আছে	আছে	নাই	১৩৬১	২২৯১
(গ) ডিপিএইচই	৫৭০	আছে	আছে	-	৬৩২	৫১০
(ঘ) এনআইএলজি	৫২	আছে	আছে	আছে	২১	২৫
(ঙ) ঢাকা ওয়াসা	৬০০	আছে	আছে	আছে	৩৬৮	২২৫
(চ) চট্টগ্রাম ওয়াসা	২২	আছে	আছে	নাই	৭১	১৪২
(ছ) রাজশাহী ওয়াসা	১৯	আছে	আছে	নাই	১৫	১২
(জ) খুলনা ওয়াসা	৬	আছে	আছে	আছে	১৯	১০

(৯) প্রতিবেদনাধীন অর্থ-বছরে সম্পাদিত উল্লেখযোগ্য কার্যাবলি/আইন, বিধি ও নীতি প্রণয়ন/সমস্যা-সঙ্কট

৯.১ প্রতিবেদনাধীন অর্থ-বছরে নতুন আইন, বিধি ও নীতি প্রণয়ন হয়ে থাকলে তার তালিকা ঃ

১.স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর অধিকতর সংশোধন কল্পে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) (সংশোধন) আইন, ২০১৫ প্রণয়ন করা হয়েছে;
২.জন্ম ও মৃত্যু নিবন্ধন বিধিমালা, ২০১৬ প্রণয়ন করা হয়েছে;
৩.ইউনিয়ন পরিষদ (কর) বিধিমালা, ২০১৫ প্রণয়ন করা হয়েছে;
৪.ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও সদস্যদের (ক্ষমতা, দায়িত্ব ও কার্যাবলী) বিধিমালা, ২০১৬ প্রণয়ন করা হয়েছে;
৫.ইউনিয়ন পরিষদ সংরক্ষিত আসনের মহিলা সদস্যদের (ক্ষমতা ও বিশেষ কার্যাবলী), ২০১৬ প্রণয়ন করা হয়েছে;
৬.ইউনিয়ন পরিষদ (বাজেট প্রণয়ন ও অনুমোদন এবং এ সংক্রান্ত অন্যান্য বিষয়) বিধিমালা, ২০১৬ প্রণয়ন করা হয়েছে;
৭.ইউনিয়ন পরিষদ(পরিদর্শনের পদ্ধতি ও পরিদর্শনের ক্ষমতা) বিধিমালা, ২০১৬ প্রণয়ন করা হয়েছে;
৮.ইউনিয়ন পরিষদ(আপীল কর্তৃপক্ষ নির্ধারণ পদ্ধতি) বিধিমালা, ২০১৬ প্রণয়ন করা হয়েছে;
৯.২০১৫-১৬ অর্থ বছরে সংশোধিত গ্রাম আদালত আইন-এর আলোকে গ্রাম আদালত বিধিমালা-২০১৫ প্রণয়ন করা হয়েছে;
১০.উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ এর অধিকতর সংশোধনকল্পে "উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১৫ প্রণয়ন করা হয়েছে;
১১.উপজেলা পরিষদ (সম্পত্তি রক্ষণাবেক্ষণে কর্মকর্তা ও কর্মচারী আচরণ) বিধিমালা, ২০১৫ প্রণয়ন করা হয়েছে;
১২. উপজেলা পরিষদ (হিসাব ও নিরীক্ষা) বিধিমালা, ২০১৬ প্রণয়ন করা হয়েছে;
১৩.উপজেলা পরিষদ সদস্য ও মহিলা সদস্যদের (অপসারণ, অনাস্থা ও পদ-শূন্যতা) বিধিমালা, ২০১৬ প্রণয়ন করা হয়েছে;
১৪.'উপজেলা ডিজিটাল সেন্টার (ইউডিসি) স্থাপন ও পরিচালনা বিষয়ক নির্দেশিকা-২০১৬ প্রণয়ন করা হয়েছে;
১৫.উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকায় "আসবাবপত্র সংগ্রহ/মেরামত" শীর্ষক অনুচ্ছেদ ৫(ছ) সংশোধন করা হয়েছে;
১৬.স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর অধিকতর সংশোধন কল্পে স্থানীয় সরকার (পৌরসভা) (সংশোধন) আইন, ২০১৫ প্রণয়ন করা হয়েছে;
১৭.পৌরসভার পৌর এলাকার সীমানা পরিবর্তন (সম্প্রসারণ ও সংকোচন) বিধিমালা, ২০১৬ প্রণয়ন করা হয়েছে;
১৮.স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯ এর অধিকতর সংশোধন কল্পে স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) (সংশোধন) আইন, ২০১৫ প্রণয়ন করা হয়েছে;
১৯.সকল সিটি কর্পোরেশনের জন্য আদর্শ কর তফসিল, ২০১৬ প্রণয়ন করা হয়েছে ।

৯.২ প্রতিবেদনাধীন অর্থ-বছরে সম্পাদিত গুরুত্বপূর্ণ/উল্লেখযোগ্য কার্যাবলি ঃ

১. প্রতিবেদনাধীন অর্থ বছরে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের পাশ্ববর্তী ০৮(আট) টি ইউনিয়নে এবং ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের পাশ্ববর্তী ০৮(আট) টি ইউনিয়নে পরিকল্পিত নগরায়ণ এবং অধিকতর নাগরিক সুবিধা নিশ্চিতকরণের লক্ষ্যে গত ২৮ জুন ২০১৬ তারিখে এস. আর. ও নং ২০১/ আইন/ ২০১৬ মোতাবেক সিটি কর্পোরেশনের সীমানা সম্প্রসারণ করা হয়েছে।
২. দেশের ১১ (এগার) টি সিটি কর্পোরেশনে অধিকতর নাগরিক সুবিধা প্রদানের লক্ষ্যে ডিজিটাল সেন্টার চালু করা হয়েছে।
৩. দেশের ১১ (এগার) টি সিটি কর্পোরেশনে ই-টেন্ডারিং এর মাধ্যমে ক্রয় কার্যক্রম শুরু হয়েছে।
৪. **ঢাকা উত্তর সিটি কর্পোরেশন** এলাকায় ৯৩ টি প্যাকেজের আওতায় ৯৫.৮১ কোটি টাকা ব্যয়ে ৭১.৫৮ কিঃ মিঃ সড়ক, ৬২.৩০ কিঃ মিঃ নর্দমা ও ৬.০৪ কিঃ মিঃ ফুটপাত সংস্কার/ মেরামত কাজ সম্পন্ন করা হয়েছে।
৫. ঢাকা উত্তর সিটি কর্পোরেশন এলাকায় ৭১.৫৮ কিঃ মিঃ পাকা সড়ক, ৬২.৩০ কিঃ মিঃ নর্দমা ও ৬.০৪ কিঃ মিঃ ফুটপাত সংস্কার/ উন্নয়ন কাজ সম্পন্ন করা হয়েছে।
৬. ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের আওতাধীন ১৩টি ইউলুপ নির্মাণের জন্য বিভিন্ন মন্ত্রণালয়, সংস্থা ও অধিদপ্তর এর সহিত যোগাযোগ করতঃ ভূমির মালিকানা গ্রহণের কার্যক্রম চলমান রয়েছে।
৭. **ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন** এলাকায় - ২৩১.০৮ কি:মি: রাস্তা উন্নয়ন, ১৫১.০২ কি:মি: ফুটপাত নির্মাণ এবং ৫১.১৬ কি:মি: ড্রেন নির্মাণ কাজ সম্পন্ন করা হয়েছে।
৮. ঢাকা শহরের বিভিন্ন গুরুত্বপূর্ণ সড়কের ইন্টারসেকশন বাস-বে/স্টপেজ- ৩৮ টি, বাম লেন- ৫০ টি, গার্ড রেল- ৫.০০ কি:মি:, ট্রাফিক সাইন, গ্রীল ফেন্সিং, মার্কিং ও ট্রাফিক সাইন স্থাপন করা হয়েছে।
৯. ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন এলাকায় ৩৪৭১১ টি বিদ্যুৎ সাশ্রয়ী এলইডি বাতি স্থাপন, ৯টি ফুটওভার ব্রীজ নির্মাণ, ১৭টি ফুটওভার ব্রীজ সংস্কার করা হয়েছে।
১০. যাত্রাবাড়ী মোড় হতে ত্রিমুখী রাস্তার (দৈঘ্য ৩ কি. মি.) সম্প্রসারণ ও উন্নয়ন সম্পন্ন করা হয়েছে।
১১. **বরিশাল** সিটি কর্পোরেশনে ১ কোটি ৪২ লক্ষ টাকা ব্যয়ে গ্রীন সিটি পার্ক নির্মাণ করা হয়েছে।
১২. বরিশাল সিটি কর্পোরেশনে ২৪ কোটি ৮৯ লক্ষ টাকা ব্যয়ে বঙ্গবন্ধু অডিটরিয়াম নির্মাণ করা হয়েছে।
১৩. বরিশাল সিটি কর্পোরেশনে কীর্তনখোলা নদীর পাড় বরাবর লিনিয়ার ও ৪ লেন বিশিষ্ট রাস্তার পার্শ্বে বিউটিফিকেশন কাজ সম্পন্ন হয়েছে
১৪. বরিশাল মহানগরীর প্রবেশ পথে ২টি সিটি গেট নির্মাণ করা হয়েছে।
১৫. **সিলেট** সিটি কর্পোরেশনের ১২ তলা ভবন নির্মান করা হয়েছে।
১৬. সিলেট মহানগরীর মাছিমপুর এলাকায় সুরমা নদীর উভয় তীরে ওয়াকওয়ে নির্মান ও সৌন্দর্য্যবর্ধন কাজ, ৫ তলা বিশিষ্ট পীর হবিবুর রহমান সিটি পাঠাগার নির্মান ও ৪ তলা ক্লিনার কলোনী ও ষ্টাফ কোয়াটার নির্মান, কেন্দ্রীয় শহীদ মিনার নির্মান এবং ভোলানন্দ নৈশ বিদ্যালয় ভবন নির্মান ।

ইউনিয়নে প্রকল্পটির কার্যক্রম বাস্তবায়িত হয়েছে। ২০১৫ সালের ডিসেম্বর মাসে প্রকল্পটির মেয়াদ শেষ হয়ে যাওয়ার পরে উন্নয়ন সহযোগী সংস্থা ও সরকার এই প্রকল্পটির দ্বিতীয় পর্যায় ৪ বছরের (২০১৬-২০১৯) জন্য দেশের ২৭টি জেলার ১৩৫টি উপজেলার ১,০৮০টি ইউনিয়নে গ্রাম আদালত কার্যক্রম শুরুর প্রক্রিয়া চূড়ান্ত পর্যায়ে রয়েছে।

৪৭. ২০১৫-১৬ অর্থ বছরে ২য় লোকাল গভর্ন্যান্স সাপোর্ট প্রজেক্টের আওতায় দেশের ইউনিয়নমূহে ৯৭৭,৯৯,৩২,১৪৫/-(নয়শত সাতাত্তর কোটি নিরানব্বই লক্ষ বত্রিশ হাজারএকশত পয়তাল্লিশ) টাকা ছাড় করা হয়েছে।

৪৮. নারী উন্নয়ন ও নারীর ক্ষমতায়নকে এ প্রকল্প বিশেষ গুরুত্ব প্রদান করছে। স্থানীয় পর্যায়ে জন অংশগ্রহণের মাধ্যমে এলাকার উন্নয়নের লক্ষ্যে ইউনিয়ন পরিষদসমূহকে প্রকল্প থেকে যে থোক বরাদ্দ প্রদান করা হচ্ছে তার ৩০% অর্থ মহিলাদের দ্বারা বাছাইকৃত স্কিমসমূহ বাস্তবায়নে ব্যয় করা হচ্ছে।

৪৯. ইউনিয়ন গভর্ন্যান্স সাপোর্ট প্রজেক্টের আওতায় ৭ বিভাগের ৭টি জেলায় এবং ৬৩ টি উপজেলায় সুশাসন ও প্রকল্পের কার্যক্রম সম্পর্কে অবহিতকরণ কর্মশালা আয়োজন করা হয়েছে। ৪১০ টি ইউনিয়ন পরিষদকে ১৩ কোটি ২১ লক্ষ টাকা পারফরমেন্স ভিত্তিক অনুদান প্রদান করা হয়েছে। ৭টি জেলার প্রতিনি উপজেলায় নারী উন্নয়ন ফোরাম গঠন করা হয়েছে। মোট ৬৪৫জন উপজেলা ও ইউনিয়ন পরিষদের নির্বাচিত প্রতিনিধি এ সকল ফোরামে সদস্য নির্বাচিত হয়েছেন। ৭ বিভাগের ৭টি জেলায় ৫৬৪টি ইউনিয়নে বাৎসরিক পারফরমেন্স এ্যাসেসমেন্ট সম্পন্ন হয়েছে এবং ইউনিয়ন পরিষদের প্রত্যেককে সচেতনতামূলক কার্যক্রম বাস্তবায়নের জন্য ১০ হাজার টাকা প্রদান করা হয়েছে। ৩৭৬ টি ইউনিয়ন পরিষদের তথ্য সংগ্রহের মাধ্যমে একটি বেজলাইন সমীক্ষা সম্পন্ন করা হয়েছে।

৫০. জন্ম ও মৃত্যু নিবন্ধন (সংশোধন) আইন, ২০১৩ (২০১৩ সনের ৩৪ নংআইন) এর ৭ক ধারার বিধান অনুসারে রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যালয় গঠন প্রক্রিয়া চূড়ন্ত পর্যায়ে রয়েছে।

৫১. ৩০ জুন, ২০১৬ পর্যন্ত অনলাইনে জন্ম নিবন্ধনেরসংখ্যা ১৪,৫৭,৫০,৪০২ জন এবং মৃত্যু নিবন্ধনের সংখ্যা ৩,২৯,১২১ জন।

৫২. অসহায় ও হতদরিদ্র মহিলা উপকারভোগীদের নিয়ে "উৎপাদনশীল ও সম্ভাবনাময় কর্মের সুযোগ গ্রহণে নারীর সামর্থ্য উন্নয়ন (স্বপ্ন) প্রকল্প চলমান রয়েছে।

৫৩. উৎপাদনশীল ও সম্ভাবনাময় কর্মের সুযোগ গ্রহণে নারীর সামর্থ্য উন্নয়নে 'স্বপ্ন' প্রকল্পের মাধ্যমে ৫১ কোটি ৪৩ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে। প্রকল্পটি বর্তমানে সাতক্ষীরা ও কুড়িগ্রাম জেলায় বাস্তবায়নাধীন রয়েছে।

৫৪. প্রতিটি ইউনিয়ন পরিষদে ইউনিয়ন ডিজিটাল সেন্টার চালু রয়েছে। ২০১৫-১৬ অর্থ বছরে ইউনিয়ন ডিজিটাল সেন্টারের মাধ্যমে ১০২ ধরণের সরকারি ও বেসরকারি সেবা প্রদান করার মাধ্যমে উদ্যোক্তাদের উপার্জন ২১৭ কোটি টাকা। ডিজিটাল সেন্টারের মাধ্যমে জনগণের দোরগোড়ায় আইটি সেবাসমূহসুলভ ও সহজলভ্য হওয়ায় মানুষের অর্থ ও সময়ের সাশ্রয় হয়েছে।

৫৫. ২০১৫-১৬ অর্থ বছরে স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের জনপ্রতিনিধি, কর্মকর্তা ও কর্মচারীদের কর্মদক্ষতা বৃদ্ধি ও লক্ষ্যে এনআইএলজি থেকে ১০৮৪৮ জন জনপ্রতিনিধি ও নিয়োগকৃত কর্মকর্তা ও কর্মচারীকে প্রশিক্ষণ দেয়া হয়েছে।

৫৬. ২০১৫-১৬ অর্থ বছরে স্থানীয় সরকার প্রতিষ্ঠানগুলোর বিভিন্ন কার্যক্রম, জন প্রতিনিধি ও নিয়োগকৃত কর্মকর্তা ও কর্মচারীদের সমস্যা এবং প্রতিষ্ঠানগুলোকে গতিশীল করার লক্ষ্যে প্রতিবছর এ প্রতিষ্ঠান থেকে গবেষণা সমীক্ষা বাস্তবায়ন করা হয়। ১৩টি গবেষণা সমীক্ষা বাস্তবায়ন করা হয়েছে।

৫৭. **২০১৫-১৬ অর্থ বছরে স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর** কর্তৃক ৩৮টি উপজেলা কমপ্লেক্স ভবন নির্মাণ/সম্প্রসারণ, ১৮০ টি ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স ভবন নির্মাণ, ৪,৮১৩ কিঃ মিঃ উপজেলা, ইউনিয়ন ও গ্রাম সড়ক নির্মাণ/পুনর্নির্মাণ ও পুনর্বাসন, ২৭,০৫০ মিটার উপজেলা, ইউনিয়ন ও গ্রাম সড়কে ব্রিজ/ কালভার্ট নির্মাণ, পুনর্নির্মাণ ও রক্ষণাবেক্ষণ, ৩৩৯ কিলোমিটার সড়কে বনায়ন, ১৬৮ টি গ্রোথ-সেন্টার/গ্রামীণ হাট/বাজার, ৬৯ টি ঘূর্ণিঝড়/বন্যা আশ্রয়কেন্দ্র নির্মাণ, ১০,০০০ কিলোমিটার উপজেলা, ইউনিয়ন ও গ্রাম সড়ক মেরামত, ৮২,২২৭ হেক্টর ফসলি জমিকে বন্যার হাত হতে রক্ষা ও সেচ সুবিধা প্রদান করার লক্ষ্যে ৪২০ মিঃ বাঁধ পুনর্নির্মাণ/উন্নয়ন, ৭১০ কিঃ মিঃ খাল পুনঃখনন, ১৮৫ টি পানি নিয়ন্ত্রক অবকাঠামো নির্মাণ/পুনর্বাসন। এছাড়া, শহর এলাকায় ৭০০কিঃমিঃ রাস্তা/ ফুটপাত নির্মাণ, ১১০ কিঃমিঃ ড্রেণ নির্মাণ।

৫৮. এলজিইডির মাধ্যমে ১ হাজার ২ শত ১৮ কোটি ৮৯ লক্ষ টাকা ব্যয়ে মগবাজার-মৌচাক ফ্লাইওভার নির্মাণ প্রকল্পটি বাস্তবায়িত হচ্ছে। চার লেন বিশিষ্ট ফ্লাইওভারটির মোট দৈর্ঘ্য ৮.৭ কিলোমিটার। তিনটি প্যাকেজে প্রকল্পটির বাস্তবায়ন কাজ চলমান রয়েছে। প্রথম প্যাকেজ তেজগাঁও এর সাতরাস্তা হতে এফডিসি মোড়, মগবাজার মোড় হয়ে হলিফ্যামিলি হাসপাতাল পর্যন্ত, যার দৈর্ঘ্য ২.৫৬ কিলোমিটার। দ্বিতীয় প্যাকেজ বাংলামটরের ইস্কাটন হতে মগবাজার মোড় হয়ে মৌচাক পর্যন্ত, যার দৈর্ঘ্য ২.২১ কিলোমিটার। তৃতীয় প্যাকেজ রামপুরা হতে মালিবাগ, মৌচাক মোড় হয়ে রাজারবাগ ও শান্তিনগর পর্যন্ত, যার দৈর্ঘ্য ৩.৯৩ কিলোমিটার। মাননীয় প্রধানমন্ত্রী প্রথম অংশটি ৩০ মার্চ ২০১৬ তারিখে যান চলাচলের জন্য উদ্বোধন করেছেন। অবশিষ্ট কাজ চলমান রয়েছে।

৫৯. স্থানীয় সরকার বিভাগের আওতায় স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের তত্ত্বাবধানে গুরুত্বপূর্ণ ১৯টি পৌরসভা অবকাঠামো উন্নয়ন প্রকল্পের আওতায় গোপালগঞ্জ জেলার টুংগীপাড়া পৌরসভায় "শেখ রাসেল পৌর শিশু পার্ক" নির্মাণ কাজ মাননীয় প্রধানমন্ত্রী গত ০৮/০১/২০১৬ তারিখে শুভ উদ্বোধন করেন। পার্কটি নির্মাণে ব্যয় হয়েছে ৯ কোটি ৯০ লক্ষ টাকা। "শেখ রাসেল পৌর শিশু পার্ক" নির্মাণের ফলে শিশুদের স্বাস্থ্য উন্নয়ন, সুস্থ বিনোদন ও মানসিক বিকাশের সুযোগের পাশাপাশি টুংগীপাড়াবাসী এবং জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সমাধিসৌধ পরিদর্শনে আগত দর্শনার্থীদের বিনোদনের সুযোগ সৃষ্টি হয়েছে।

৬০. গোপালগঞ্জ সদর উপজেলায় গোপালগঞ্জ-সিংগাতি রাস্তায় মধুমতি নদীর ওপর চাপাইল ঘাটে ৫৮৮.৬৫ মিটার দীর্ঘ প্রিস্ট্রেসড কংক্রীট গার্ডার সেতু নির্মাণ করা হয়। মাননীয় প্রধানমন্ত্রী গত ৩০/০৪/২০১৬ তারিখে এই সেতুটি শুভ উদ্বোধন করেন। নির্মাণ ব্যয় ৬০ কোটি ৮২ লক্ষ টাকা। সেতুটি নির্মাণের ফলে গোপালগঞ্জ জেলার সাথে নড়াইল, খুলনা এবং বাগেরহাট জেলার সরাসরি সড়ক যোগাযোগ নেটওয়ার্ক সৃষ্টি হয়েছে। এলাকার আর্থ-সামাজিক উন্নয়নের পাশাপাশি মানব সম্পদ উন্নয়ন ও জাতীয় অর্থনীতিতে অত্র ব্রীজটি ব্যাপক ইতিবাচক ভূমিকা রাখবে।

৬১. স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরে সহকারী প্রকৌশলী হিসেবে মোট ৮৬ জনকে পিএসসি এর মাধ্যমে নতুন নিয়োগ দেওয়া হয়েছে।

৬২. স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরে অতিরিক্ত প্রধান প্রকৌশলী ১ জনকে প্রধান প্রকৌশলী হিসাবে পদোন্নতি দেওয়া হয়েছে।

৬৩. স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরে তত্ত্বাবধায়ক প্রকৌশলী হতে ৪ জনকে অতিরিক্ত প্রধান প্রকৌশলী হিসাবে চলতি দায়িত্ব প্রদান করা হয়েছে।

৬৪. স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরে নির্বাহী প্রকৌশলী হতে ১২ জনকে তত্ত্বাবধায়ক প্রকৌশলী হিসাবে পদোন্নতি প্রদান করা হয়েছে।

৬৫. স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরে নির্বাহী প্রকৌশলী হতে ৬ জনকে তত্ত্বাবধায়ক প্রকৌশলী হিসাবে চলতি দায়িত্ব প্রদান করা হয়েছে।

৬৬. স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরে সিনিয়র সহকারী প্রকৌশলী হতে ৪৫ জনকে নির্বাহী প্রকৌশলী হিসাবে পদোন্নতি প্রদান করা হয়েছে।

৬৭. স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরে উপ-সহকারী প্রকৌশলী হতে ১২ জনকে সহকারী প্রকৌশলী/উপজেলা সহকারী প্রকৌশলী পদে পদোন্নতি প্রদান করা হয়েছে।

৬৮. ২০১৫-১৬ অর্থ বছরে স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরে অতিরিক্ত প্রধান প্রকৌশলী ১ জনকে প্রধান প্রকৌশলী হিসাবে পদোন্নতি দেওয়া হয়েছে।

৬৯. বর্তমানে পল্লী এলাকায় প্রতি ৮৯ জনের জন্য একটি সরকারী নিরাপদ খাবার পানির উৎস রয়েছে এবং দেশের প্রায় প্রতিটি মানুষ নিরাপদ পানি পান করে। গ্রামাঞ্চলে পানি সরবরাহের স্বীকৃত মান হল যে কোন আবাস গৃহের ১৫০ মিটার (৫০০ ফুট) এর মধ্যে একটি নিরাপদ খাবার পানির উৎস থাকবে। সে হিসাবে বর্তমানে পানি সরবরাহ কভারেজ ৮৭%। আর্সেনিক আক্রান্ত Unserved এবং Underserved এলাকায় পানির উৎস স্থাপনের মাধ্যমে দ্রুত কভারেজ বৃদ্ধি করা হচ্ছে।

৭০. বর্তমান সরকারের আমলে বিভিন্ন চলমান কার্যক্রমের আওতায় জুন/২০১৬ পর্যন্ত গ্রামাঞ্চলের বিভিন্ন প্রকার দুই লক্ষ সাতাশ হাজার পানির উৎস স্থাপন এবং ৭৬টি গ্রামে পাইপ লাইনের মাধ্যমে পানি সরবরাহ ব্যবস্থা চালু রাখা হয়েছে।

৭১. বর্তমানে ১৩৬টি পৌরসভায় পাইপ লাইনের মাধ্যমে পানি সরবরাহ ব্যবস্থা চালু আছে। অবশিষ্ট পৌরসভায় পয়েন্ট সোর্স -এর মাধ্যমে পানি সরবরাহ ব্যবস্থা চালু রয়েছে।

৭২. বর্তমানে পাইপ লাইনের মাধ্যমে পানির কভারেজ ৩২% এবং পয়েন্ট সোর্স এর মাধ্যমে অবশিষ্ট পৌর এলাকায় পারি সরবাহ ব্যবস্থা আছে।

৭৩. পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থা সংস্কার ও সম্পসারনের লক্ষ্যে ৪টি সিটি করর্পোরেশন (সিলেট, বরিশাল, রংপুর ও কুমিল্লা) ও ১২২টি পৌর এলাকায় পাইপ লাইনের মাধ্যমে পানি সরবরাহ কার্যক্রম বাস্তবায়নাধীন আছে। উক্ত কার্যক্রম বাস্তবায়নাধীন হলে প্রকল্পভূক্ত পৌর এলাকার ৮০% জনসাধারন পাইপ লাইনের মাধ্যমে পানি সরবরাহ ও নিরাপদ স্যানিটেশনের আওতায় আসবে।

৭৪. ১৫৫টি পৌরসভায় পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থা স্থাপনের লক্ষ্যে মাস্টার-প্ল্যান প্রণয়ন সম্পন্ন হয়েছে।

৭৫. বিভিন্ন প্রকল্পের মাধ্যমে ২০১৫-২০১৬ অর্থ বছরে সর্বমোট প্রায় ২৬৬১৫ টি স্বল্পমূল্যের স্যানিটারী ল্যাট্রিন নির্মিত হয়েছে। জুন/২০১৬ মাসে সমগ্র দেশে বেসিক স্যানিটেশন কভারেজ শতকরা ৯৯ ভাগে উন্নীত হয়। বিগত ২০১৫ সালের অক্টোবর মাসে দেশব্যাপী জাতীয় স্যানিটেশন মাস উদযাপিত হয়েছে।

৭৬. স্যানিটেশন ব্যবস্থার উল্লেখযোগ্য অবকাঠামোর মধ্যে রয়েছে ড্রেন নির্মান, পাবলিক টয়লেট, কমিউনিটি ল্যাট্রিন এবং একক ল্যাট্রিন নির্মাণ। ২০১৫-২০১৬ অর্থ বছরে ৩৫টি পাবলিক টয়লেট/কমিউনিটি ল্যাট্রিন এবং ৩টি (৫০%) ও ৮টি (৭৫%) ৩ তলা টয়লেট বিল্ডিং স্থাপন করা হয়েছে।

৭৭. ভূ-গর্ভস্থ পানিতে আর্সেনিকসহ অন্যান্য উপাদানের উপস্থিতি পরিমাপের জন্য দেশের ১৪ টি জেলায় স্থাপিত পানি পরীক্ষাগারগুলির মাধ্যমে এ সংক্রান্ত কার্যক্রম চলমান আছে। জাপানের আর্থিক সহায়তায় পানি পরীক্ষা ব্যবস্থা শক্তিশালী করার লক্ষ্যে ঢাকার কেন্দ্রীয় পানি পরীক্ষাগার ও জোনাল ল্যাবরেটরীগুলির মধ্যে নেটওয়ার্ক স্থাপন করে পানির গুণাগুণ পরীক্ষার বিষয়টি আরও শক্তিশালী করা হয়েছে।

৭৮. ঢাকা ওয়াসা কর্তৃক বাস্তবায়িত দাশেরকান্দি সিউয়েজ ট্রিটম্যান্ট প্লান্ট প্রকল্প, সায়েদাবাদ পানি শোধনাগার প্রকল্প(ফেজ -৩), ঢাকা শহরের পানি সরবরাহ নেটওয়ার্ক উন্নয়ন প্রকল্প ও ঢাকা মহানগরীর আগাঁরগাও এলাকার বৃষ্টির পানি নিস্কাশন ব্যবস্থা উন্নয়ন প্রকল্প এর ডিপিপি একনেকে অনুমেদিত হয়েছে।

৭৯. ঢাকা ওয়াসা কর্তৃক প্রতিবেদনাধীন অর্থ বছরে রামপুরা ও কমলাপুরে ২টি স্টর্ম ওয়াপার পাম্পিং স্টেশন নির্মাণ, ৫২৮ কিঃ মিঃ পানির লাইন নির্মান, ১৩৪ টি গভীর নলকূপ স্থাপন/প্রতিস্থাপন, ১০.০৫ কিঃ মিঃ পয়ঃ লাইন নির্মাণ এবং ২০.৮৮৫ কিঃ মিঃ খাল উন্নয়ন করা হয়েছে।

৮০. ঢাকা মহানগরীর বস্তি এলাকায় পানি সরবরাহের নিমিত্ত ৩ টি গভীর নলকূপ ও ৬৫২ টি ওয়াটার পয়েন্ট স্থাপন করা হয়েছে।

৮১. ঢাকা ওয়াসা দৈনিক ২২৫-২৩০ কোটি লিটার পানির চাহিদার বিপরীতে ২৪২ কোটি লিটার পানি সরবরাহের সক্ষমতা অর্জন করেছে।

৮২. রাজশাহী ওয়াসার পানির কভারেজ ৪৬% থেকে ৬৭% এ উন্নীত করা হয়েছে।

৮৩. রাজশাহী ওয়াসার দৈনিক পানির উৎপাদন ৫৫.৪৪ মিলিয়ন লিটার দিন থেকে ৬৬.৫৭ মিলিয়ন লিটার দিন এ বৃদ্ধি করা হয়েছে।

৮৪. রাজশাহী ওয়াসার দৈনিক জনপ্রতি পানির ব্যবহার ৬৫ লিটার থেকে ৭০ লিটারে বৃদ্ধি করা হয়েছে।

৮৫. খুলনা ওয়াসা প্রধান কার্যালয় ভবনের নির্মাণ কাজ সমাপ্ত হয়েছে।

৮৬. খুলনা ওয়াসার ৭টি Distribution Reservoir এবং ১০ টি Overhead Tanks এর নির্মাণ কাজ চলমান রয়েছে। ইতমধ্যে ৬৫% কাজ সমাপ্ত হয়েছে। বাকি কাজ ৩০/০৫/২০১৭ খ্রিঃ তারিখের মধ্যে সম্পন্ন হবে।

৮৭. খুলনা ওয়াসার Clear Water Transmission Mains including River crossing এ কাজের আওতায় ১২০০ মি:মি: (৪৮") ব্যাসের ডাকটাইল আয়রন পাইপ ও ফিটিংসসহ ৩৩ কি:মি: (সম্পূর্ণ) এর মালামাল ইতোমধ্যে বিদেশ হতে আমদানী করা হয়েছে এবং পাইপ স্থাপনের শুরু হয়েছে। মোট কাজের ৩০% সমাপ্ত হয়েছে, বাকি কাজ ২৮/০২/২০১৭ খ্রিঃ তারিখের মধ্যে সম্পন্ন হবে।

৮৮. খুলনা ওয়াসার Distribution Pipe Network এ কাজের আওতায় বিভিন্ন ব্যাসের ডাকটাইল আয়রন পাইপ ও ফিটিংস ৫৮ কি:মি: এবং এইচডিপি পাইপ ও ফিটিংস ৪০০ কি:মি: এর মালামাল ইতোমধ্যে বিদেশ হতে আমদানী করা হয়েছে এবং ইতমধ্যে

ডাকটাইল আয়রন পাইপ ৭.৫ কি:মি: এবং এইচডিপি পাইপ ১৫ কি:মি: স্থাপন করা হয়েছে । বাকি কাজ ৩০/১২/২০১৭ খ্রি: তারিখের মধ্যে সম্পন্ন হবে।

৮৯. খুলনা ওয়াসার ১১০ MLD ধারন ক্ষমতা সম্পন্ন পানি শোধনাগার এবং ৭৭৫ মিলিয়ন লিটার ধারণ ক্ষমতার Impounding Reservoir নির্মাণ কাজের আওতায় Reservoir নির্মাণের জন্য স্টিল সিট পাইল বিদেশ হতে আমদানী এবং এর Driving কাজ সম্পন্ন হয়েছে। cast-in-situ এর কাজ চলমান রয়েছে। সাইটে প্রয়োজনীয় নির্মাণ সামগ্রী মজুদ করা হয়েছে। বর্তমান কাজের বাস্তব অগ্রগতি ৩০%। কাজটি ৩০/১২/২০১৭ তারিখে সম্পন্ন হবে।

৯০. খুলনা মহানগরীতে ২ টি উৎপাদক নলকূপ স্থাপন করা হয়েছে, যাহার মাধ্যমে ২ এমএলডি পানি উৎপাদন ও সরবরাহ করা হচ্ছে।পানির অপচয় রোধকল্পে ও পানির ব্যবহার অনুযায়ী বিল নির্ধারণের লক্ষ্যে মাসিক ফ্ল্যাট রেইট এর পরিবর্তে মিটারিং ব্যবস্থা চালুর পক্রিয়া হিসাবে ২০১৫-১৬ অর্থ বছরের জুন পর্যন্ত ৭৫০০টি মিটার স্থাপন করা হয়েছে ।

৯.৩ ২০১৫-২০১৬ অর্থবছরে মন্ত্রণালয়ের কার্যাবলী সম্পাদনে বড় রকমের কোন সমস্যা/সঙ্কটের আশঙ্কা করা হলে তার বিবরণ ঃ প্রযোজ্য নয়।

(১০) মন্ত্রণালয়ের উদ্দেশ্য সাধন সংক্রান্ত ঃ

১০.১ ২০১৪-২০১৬ অর্থবছরের কার্যাবলির মাধ্যমে মন্ত্রণালয়ের আরব্ধ উদ্দেশ্যাবলি সন্তোষজনকভাবে সাধিত হয়েছে কি?
প্রযোজ্য নয়।

১০.২ উদ্দেশ্যাবলি সাধিত না হয়ে থাকলে তার কারণসমূহ ঃ প্রযোজ্য নয়।

১০.৩ মন্ত্রণালয়ের আরব্ধ উদ্দেশ্যাবলি আরো দক্ষতা ও সাফল্যের সাথে সাধন করার লক্ষ্যে যে সব ব্যবস্থা/পদক্ষেপ গ্রহণ করা যেতে পারে, সে সম্পর্কে মন্ত্রণালয়ের সুপারিশ ঃ

(১১) উৎপাদন বিষয়ক

১১.৬ দেশের মেট্রোপলিটন এলাকায় পানি সরবরাহ (লক্ষ গ্যালন) ঃ

মেট্রো এলাকা	প্রতিবেদনাধীন বছর (২০১৫-২০১৬)		পূর্ববর্তী বছর (২০১৪-২০১৫)	
	চাহিদা	সরবরাহ	চাহিদা	সরবরাহ
১	২	৩	৪	৫
ঢাকা ওয়াসা	১৮৮৬৬৩৬.১২	১৮৮৬৬৩৬.১২	১৮৫৬৭৯৭.১৬	১৮৫৬৭৯৭.১৬
চট্টগ্রাম ওয়াসা	৩৯৭৯৭৫	১৩৭২২৬	৩৮৫৮৯৮	১৩৮৪৫৪
রাজশাহী ওয়াসা	১১৫২০০	৫৬৪০০	১০৯৪৪০	৫৩৫৮০
খুলনা ওয়াসা	২১৬০০০	১০৪৮৪৪	২১৬০০০	৯৯০০০

বিঃদ্রঃ সর্বশেষ জাতীয় জরীপ, ২০১১ এর জনসংখ্যা নিয়ে (চট্টগ্রাম সিটি কর্পোরেশনের আওতাধীন জনসংখ্যার ভিত্তিতে) এবং কোয়েকা (KOIKA) এর ষ্টাডি রিপোর্ট অনুযায়ী চট্টগ্রাম ওয়াসার চাহিদা পুনঃনির্ধারণ করা হল।

(১৫) উন্নয়ন প্রকল্প সংক্রান্ত

১৫.১ উন্নয়ন প্রকল্পের অর্থ বরাদ্দ ও ব্যয় সংক্রান্ত তথ্য (১ জুলাই ২০১৫ থেকে ৩০ জুন ২০১৬ পর্যন্ত)ঃ

প্রতিবেদনাধীন বছরে মোট প্রকল্পের সংখ্যা	প্রতিবেদনাধীন বছরে এডিপিতে মোট বরাদ্দ (কোটি টাকায়)	প্রতিবেদনাধীন বছরে বরাদ্দের বিপরীতে ব্যয়ের পরিমাণ (কোটি টাকায়) ও ব্যয়ের শতকরা হার	প্রতিবেদনাধীন বছরে মন্ত্রণালয়ে এডিপি রিভিউ সভার সংখ্যা
১	২	৩	৪
২১৪ টি	১৬৪১০.০১	১৬০৪৯.৩৬ (৯৬.৪৪%)	৬টি

১৫.২ প্রকল্পের অবস্থা ঃ

প্রতিবেদনাধীন বছরে শুরু করা নতুন প্রকল্পের তালিকা	প্রতিবেদনাধীন বছরে সমাপ্ত প্রকল্পের তালিকা	প্রতিবেদনাধীন বৎসরে উদ্বোধনকৃত সমাপ্ত প্রকল্পের তালিকা	প্রতিবেদনাধীন বৎসরে চলমান প্রকল্পের কম্পোনেন্ট হিসেবে সমাপ্ত গুরুত্বপূর্ণ অবকাঠামো
১	২	৩	৪
৬৬টি	৫০টি পরিশিষ্ট-ক	২০১৫-১৬ অর্থ বছরে উদ্বোধনকৃত সমাপ্ত স্কীমের তালিকা পরিশিষ্ট-খ তে দেয়া হল।	

(১৭) **অবকাঠামো উন্নয়ন ঃ**

(ক) এলজিইডি কর্তৃক ২০১৫-১৬ অর্থ বছরে উল্লেখযোগ্য গুরুত্বপূর্ণ কাজের মধ্যে ৩৮টি উপজেলা কমপ্লেক্স ভবন নির্মাণ/সম্প্রসারণ, ১৮০ টি ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স ভবন নির্মাণ, ৪,৮১৩ কিঃ মিঃ উপজেলা, ইউনিয়ন ও গ্রাম সড়ক নির্মাণ/পুনর্নির্মাণ ও পুনর্বাসন, ২৭,০৫০ মিটার উপজেলা, ইউনিয়ন ও গ্রাম সড়কে ব্রিজ/ কালভার্ট নির্মাণ, পুনর্নির্মাণ ও রক্ষণাবেক্ষণ, ৩৩৯ কিলোমিটার সড়কে বনায়ন, ১৬৮ টি গ্রোথ-সেন্টার/গ্রামীণ হাট/বাজার, ৬৯ টি ঘূর্ণিঝড়/বন্যা আশ্রয়কেন্দ্র নির্মাণ, ১০,০০০ কিলোমিটার উপজেলা, ইউনিয়ন ও গ্রাম সড়ক মেরামত, ৮২,২২৭ হেক্টর ফসলি জমিকে বন্যার হাত হতে রক্ষা ও সেচ সুবিধা প্রদান করার লক্ষ্যে ৪২০ মিঃ বাঁধ পুনর্নির্মাণ/উন্নয়ন, ৭১০ কিঃ মিঃ খাল পুনঃখনন, ১৮৫ টি পানি নিয়ন্ত্রক অবকাঠামো নির্মাণ/পুনর্বাসন। এছাড়া, শহর এলাকায় ৭০০কিঃমিঃ রাস্তা/ ফুটপাত নির্মাণ, ১১০ কিঃমিঃ ড্রেণ নির্মাণ।

(খ) ২০১৫-১৬ অর্থবছরে আরএডিপিতে অন্তর্ভুক্ত এলজিইডি কর্তৃক বাস্তবায়নাধীন স্থানীয় সরকার বিভাগের আওতায় ১২০টি প্রকল্পের বরাদ্দ, অবমুক্তি ও ব্যয়ের সেক্টর ভিত্তিক সার-সংক্ষেপ নিম্নরূপ ঃ

(কোটি টাকায়)

ক্রঃ নং	সেক্টরের নাম	প্রকল্প সংখ্যা (টি)	প্রকল্প ব্যয়	এডিপি বরাদ্দ (লক্ষ্যমাত্রা)	অবমুক্তি	ব্যয় (আর্থিক অগ্রগতি)	ভৌত অগ্রগতি
১	পল্লী উন্নয়ন ও প্রতিষ্ঠান	৮৬	৫৩৯৩৮.৭৮	৬৪১১.৩৪	৬৩৯৪.২৮ (৯৯.৭৩%)	৬৩৬১.৬৪ (৯৯.২২%)	৯৯.৯৩%
২	ভৌত পরিকল্পনা, পানি সরবরাহ ও গৃহায়ণ	২৮	১৫০১৭.৮৫	২১১২.১৬	২১০০.১৪ (৯৯.৪৩%)	২০৯৬.১৭ (৯৯.২২%)	৯৯.৭৭%
৩	কৃষি	৩	১৪৩০.৭৮	২৬৫.২৩	২৬৫.২৩ (১০০%)	২৫৮.৩০ (৯৭.৩৯%)	৯৯.৬৪%
৪	পরিবহণ	৩	১৬৬১.০০	১৬৪.৫৯	১৬৪.৫৯ (১০০%)	১৬৪.৫৫ (৯৯.৯৭%)	১০০%
	মোট (১+২+৩+৪) ২০১৫-১৬ অর্থবছর	১২০	৭২০৪৮.৪১	৮৯৫৩.৩২	৮৯২৪.২৪ (৯৯.৬৮%)	৮৮৮০.৬৬ (৯৯.১৯%)	৯৯.৮৮%

(২৩) **সামাজিক নিরাপত্তা কর্মসূচী ঃ**

এলজিইডি'র মাধ্যমে ২০১৫-১৬ অর্থবছরে মোট ৮ট সামাজিক নিরাপত্তা প্রকল্প কর্মসূচী বাস্তবায়িত হচ্ছে। ২০১৪-১৫ অর্থবছরে ৯টি কর্মসূচী/প্রকল্পের বিপরীতে মোট ৪৪,১৫৫.৪৪ লক্ষ টাকা ব্যয়ে ৫,৭৪,১৫০ জন উপকৃত হয়। পক্ষান্তরে ২০১৫-১৬ অর্থবছরে ৮টি কর্মসূচীর আওতায় ৪৭,০৬৯.১৯ লক্ষ টাকা ব্যয়ে ৫,৫৩,৯১৪ জন উপকৃত হয়।

সংস্থাঃ স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর।

ক্রঃ নং	সামাজিক নিরাপত্তা কর্মসূচীর ধরণ	প্রতিবেদনাধীন বছর (২০১৫-১৬)		পূর্ববর্তী বছর (২০১৪-১৫)	
		সুবিধাভোগী ব্যক্তি/পরিবার/ প্রতিষ্ঠানের সংখ্যা	আর্থিক সংশেষ (লক্ষ টাকায়)	সুবিধাভোগী ব্যক্তি/পরিবার/ প্রতিষ্ঠানের সংখ্যা	আর্থিক সংশেষ (লক্ষ টাকায়)
১	২	৩	৪	৫	৬
১	রুরাল ইমপয়মেন্ট এন্ড রোড মেইনটেনেন্স প্রোগ্রাম (RERMP)|	৪৫,৪৮০	২৪,৯০০.০০	৪৫,৪৮০	২৪,৯০০.০০
২	বিশ্ব খাদ্য কর্মসূচির সহায়তায় দূর্যোগ ও জলবায়ু পরিবর্তন প্রভাব সহন শীর্ষক প্রকল্প (ERDECC)	৪২,৫০০	১১,০৫০.০০	৭৯,৫০০	৭,৭৯৩.৯৫
৩	নগর অংশীদারিত্বের মাধ্যমে দারিদ্র হ্রাসকরণ প্রকল্প (অংশ-২) ।	-	-	২৪,৩৯৪	১,২৯২.৫৪
৪	পল্লী সড়ক ও কালভার্ট মেরামত কর্মসূচী ।	৪,৫০৭	২,৬৬৮.৯৭	৪,৬৮৬	২,৫৩৫.৫৯
৫	অংশগ্রহণমূলক ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়ন প্রকল্প।	১৬১,৫৫১	১৯১৬.০০	১৮৮,৩১১	১,১০৭.০১
৬	বৃহত্তর ময়মনসিংহ, সিলেট ও ফরিদপুর এলাকায় ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়ন।	১৪৬,৩০০	২,৮৮১.২৮	১৪৩,০৭৬	৩,১৯২.৩৫

ক্রঃ নং	সামাজিক নিরাপত্তা কর্মসূচীর ধরণ	প্রতিবেদনাধীন বছর (২০১৫-১৬)		পূর্ববর্তী বছর (২০১৪-১৫)	
		সুবিধাভোগী ব্যক্তি/পরিবার/ প্রতিষ্ঠানের সংখ্যা	আর্থিক সংশেষ (লক্ষ টাকায়)	সুবিধাভোগী ব্যক্তি/পরিবার/ প্রতিষ্ঠানের সংখ্যা	আর্থিক সংশেষ (লক্ষ টাকায়)
১	২	৩	৪	৫	৬
৭	হাওড় অঞ্চলের অবকাঠামো ও জীবনমান উন্নয়ন প্রকল্প।	১৩৭,৪৮৮	১,০১২.৯৪	৭২,৭৫৯	১,২৯৩.০০
৮	হাওর অঞ্চলের বন্যা ব্যবস্থাপনা ও জীবনমান উন্নয়ন প্রকল্প।	১,০৮৮	৪৩৪.০০	৯৪৪	২৩৯.০০
৯	জলবায়ু পরিবর্তন অভিযোজন প্রকল্প।	১৫,০০০	২,২০৬.০০	১৫,০০০	১,৮০২.০০
	সর্বমোট=	৫৫৩,৯১৪	৪৭,০৬৯.১৯	৫৭৪,১৫০	৪৪,১৫৫.৪৪

আবদুল মালেক
সচিব
স্থানীয় সরকার বিভাগ